গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়
সাধারণ শাখা
www.panchagarh.gov.bd

## জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা জুলাই ২০২৬ মাসের কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোসা: শুকরিয়া পারভীন<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২১ জুলাই ২০২৬ |
| সভার সময় | বেলা ৩:৩০ মিনিট |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, পঞ্চগড় |
| উপস্থিতি | নথিতে সংরক্ষিত |

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভার শুরুতে উপস্থিত বিভিন্ন এনজিও'র প্রতিনিধিরা তাদের নিজ নিজ পরিচয় প্রদান করেন।

২. সভায় সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), পঞ্চগড় গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। পরবর্তীতে আলোচনায় উপস্থিত সকল সদস্য অংশ নেন এবং সভায় এনজিওসমূহের নিম্নবর্ণিত কার্যক্রম সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | <u>উপজেলা পর্যায়ে এনজিও'র কার্যক্রম পরিচালনা সংক্রান্ত:</u><br>১। এনজিও প্রতিনিধিগণ সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারগণকে অবহিত করে এনজিও কার্যক্রম পরিচালনা অব্যাহত রয়েছে।<br>২। গত মাসে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী পাওয়া যায় নি। উপজেলা পর্যায়ে নীতিমালা অনুযায়ী এনজিও এর কার্যক্রম পরিচালনার বিষয়ে আলোচনা করা হয়। | ১। প্রতিমাসে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা করে সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২। উপজেলা নির্বাহী অফিসারগণকে অবহিত করে এনজিও এর কার্যক্রম পরিচালনা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড়<br>২। নির্বাহী পরিচালক/ প্রতিনিধি, সংশ্লিষ্ট এনজিও, পঞ্চগড় |

| | | | |
|---|---|---|---|
| ২.২ | <u>ক্ষুদ্র ঋণ কার্যক্রম সংক্রান্ত:</u><br>এ জেলায় কর্মরত এনজিওসমূহের মাইক্রোফাইন্যান্স রেগুলেটরি অথরিটির নির্দেশনা অনুযায়ী ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা বিষয়ে মনিটরিং অব্যাহত রয়েছে। যে সকল এনজিও ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করে সে সকল এনজিও এর ক্ষুদ্রঋণ কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হয়। ব্র্যাক জুন ২০২৬ মাসে ৭৩৬ জন দরিদ্র ব্যক্তির মাঝে ১২,৯০,৪৫,০০০/- টাকা ঋণ বিতরণ করেছেন। বুরো বাংলাদেশ ৫ (পাঁচ) উপজেলায় উপকারভোগীর মধ্যে ক্ষুদ্র ঋণ ও কৃষি ঋণ বিতরণ করেছেন। সূচনা সমাজ উন্নয়ন সংস্থা, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক), দৃষ্টিদান, এসকেএস, মানবিক সাহায্য সংস্থা, ডুডুমারী গ্রাম উন্নয়ন সংস্থা, আশা, টিএমএসএস, ইউডিপিএস, এসভিডি, ব্যুরো বাংলাদেশ, সানক্রেড এর ক্ষুদ্রঋণ কার্যক্রম সন্তোষজনকভাবে অব্যাহত রয়েছে। | ১। যে সকল এনজিও ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করে, সে সকল এনজিও’র ক্ষুদ্রঋণ কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।<br><br>২। মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির নির্দেশনা অনুযায়ী ঋণ আদায়সহ ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড়<br><br>২। নির্বাহী পরিচালক/ প্রতিনিধি- মানবিক সাহায্য সংস্থা/ ব্র্যাক/আরডিআরএস/ সূচনা সমাজ উন্নয়ন সংস্থা/ দৃষ্টিদান/ইএসডিও/ আশা/ পরস্পর/ ডুডুমারী গ্রাম উন্নয়ন সংস্থা/ বু্রো বাংলাদেশ/ রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)/ এমএসএস/ আশ্রয় ও সানক্রেডসহ সংশ্লিষ্ট সকল এনজিও, পঞ্চগড় |

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | <u>শিক্ষা কার্যক্রম:</u><br>এনজিও প্রতিনিধিগণ সভায় জানান যে, এনজিও পরিচালিত প্রি-প্রাইমারি স্কুলসমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং অব্যাহত রয়েছে। এ ছাড়া এনজিও পরিচালিত প্রি-প্রাইমারি স্কুলসমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। সভায় আলোচনা হয় আশার আলো সমাজ কল্যাণ সংস্থা ৯টি বিদ্যালয়ের মাধ্যমে মোট ৪৫৫ জন প্রাক-প্রাথমিক শিক্ষার্থীদের শিক্ষাদান প্রদান করছে। আশার আলো সমাজ কল্যাণ সংস্থার নিজস্ব অর্থায়নে আশার আলো প্রতিবন্ধী স্কুল, আশার আলো কৃষাণ স্কুল পরিচালিত হচ্ছে। আহছানিয়া মিশন, পঞ্চগড় সুবিধা বঞ্চিত ঝরেপড়া শিশুদের নিয়ে পঞ্চগড় জেলার হাফিজাবাদ ইউনিয়নে একটি স্কুল পরিচালনা করে আসছে। এ ছাড়া সোসাইটি ফর ভিলেজ ডেভেলপমেন্ট (এসভিডি), সূচনা সমাজ উন্নয়ন সংস্থা, আশা, ঢাকা আহছানিয়া মিশন, বিকশিত বাংলাদেশ ফাউন্ডেশন, দেশ উন্নয়ন সংস্থা, সিআরডি, কারিতাস, পরস্পর এবং মানব কল্যাণ পরিষদ এর শিক্ষা সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে অব্যাহত রয়েছে মর্মে সভায় জানানো হয়। | এনজিও পরিচালিত প্রি-প্রাইমারি ও প্রাইমারি স্কুলসমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড়<br><br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পঞ্চগড় ও জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পঞ্চগড়<br><br>৩। নির্বাহী পরিচালক/ প্রতিনিধি, সংশ্লিষ্ট এনজিও, পঞ্চগড় |

| | | | |
|---|---|---|---|
| ২.৪ | <u>মানব পাচার প্রতিরোধ, মাদক, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত:</u> এনজিও প্রতিনিধিগণ সভায় জানান যে, এনজিওসমূহের নির্ধারিত কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি জনস্বার্থ বিবেচনায় যেসব এনজিও মাদক প্রতিরোধের সাথে জড়িত তাদেরকে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, পঞ্চগড় অফিসের সাথে যোগাযোগ বৃদ্ধি করতে হবে। মানব পাচার, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ করার লক্ষ্যে বিভিন্ন এনজিও কার্যক্রম পরিচালনা করেন। সিআরডি এনজিও বাল্য বিবাহ প্রতিরোধে আইন প্রয়োগের মাধ্যমে বাল্য বিবাহ রোধ করতে হবে। সিআরডি ছাত্র-ছাত্রীদের মাঝে বাল্যবিবাহ, যৌতুকের শাস্তি, বিবাহ বিচ্ছেদ, মানবাধিকারসহ বিভিন্ন বিষয় সম্পর্কে সচেতনতামূলক ০২টি কর্মশালা আয়োজন করেছেন। পরস্পর, আরডিআরএস, ব্র্যাক, পল্লী সাহিত্য সংস্থা, মানব কল্যাণ পরিষদ, পঞ্চগড় মানব পাচার প্রতিরোধ, মাদক, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করে থাকে মর্মে সভায় জানান। | এনজিওসমূহের নির্ধারিত কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি জনস্বার্থ বিবেচনায় মাদক, মানব পাচার, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ করার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), পঞ্চগড়<br><br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও নির্বাহী পরিচালক/ প্রতিনিধি (সকল) এনজিও, পঞ্চগড় |
| ২.৫ | <u>স্বাস্থ্য সেবা কার্যক্রম:</u><br>এনজিও প্রতিনিধিগণ সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয় রেখে এনজিওসমূহের স্বাস্থ্য সংক্রান্ত কার্যক্রম পরিচালনা অব্যাহত রয়েছে। এছাড়া স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয় করে সংশ্লিষ্ট এনজিও কর্তৃক স্বাস্থ্য সেবা সংক্রান্ত কার্যক্রম পরিচালনার বিষয়ে সভায় আলোচনা হয়। ব্র্যাক, পঞ্চগড় জুন ২০২৬ মাসে প্রজনন শিশু স্বাস্থ্য, সংক্রামক ও অসংক্রামকরোগ, মানসিক স্বাস্থ্য, চক্ষু বিষয়ক সেবা, এবং অন্ধত্ব প্রতিরোধকল্পে চক্ষু রোগীর চিকিৎসা প্রদান করেছে। ওয়েল ইন্টারন্যাশনাল, দি লেপ্রসি মিশন, মানবিক সাহায্য সংস্থা, সূচনা সমাজ উন্নয়ন সংস্থা, দৃষ্টিদান, পরিবার পরিকল্পনা সমিতি, বিকশিত বাংলাদেশ ফাউন্ডেশন, আশা, দেশ উন্নয়ন সংস্থা, ঢাকা আহ্ছানিয়া মিশন, ডুডুমারী গ্রাম উন্নয়ন সংস্থা, ইএসডিও, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক) এবং আশার আলো সমাজ কল্যাণ সংস্থা এর স্বাস্থ্য সেবা কার্যক্রম যথারীতি অব্যাহত রেখেছে। | স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয় রেখে এনজিও এর স্বাস্থ্য সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করতে হবে। | ১। সিভিল সার্জন, পঞ্চগড়<br><br>২। নির্বাহী পরিচালক/ প্রতিনিধি, সংশ্লিষ্ট এনজিও, পঞ্চগড় |

| | | | |
|---|---|---|---|
| ২.৬ | <u>পরিবার পরিকল্পনা সংক্রান্ত:</u><br><br>এনজিও প্রতিনিধিগণ সভায় জানান যে, পরিবার পরিকল্পনা নিয়ে কাজ করা এনজিওসমূহ পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের হার বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রেখেছে। এ বিষয়ে গুরুত্বের সাথে কাজ করার জন্য সংশ্লিষ্ট এনজিওকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | যে সকল এনজিও পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করে সেসব এনজিওকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের হার বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। উপপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, পঞ্চগড়।<br>২। নির্বাহী পরিচালক/ প্রতিনিধি (সংশ্লিষ্ট) এনজিও, পঞ্চগড় |

| | | | |
|---|---|---|---|
| ২.৭ | <u>কৃষি সংক্রান্ত:</u><br>এনজিও প্রতিনিধিগণ সভায় জানান যে, কৃষি কাজে বিশেষ সাফল্য অর্জনের লক্ষ্যে আধুনিক কৃষি পদ্ধতি বাস্তবায়নে কৃষকদের সচেতন করার জন্য কৃষকদের নিয়ে মাঠ দিবস করে বিভিন্ন ধরনের উন্নত চারা বিতরণ করা হয়েছে। এ ছাড়া কৃষি খাতে এনজিওসমূহের সাফল্য অর্জনের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। পল্লী সাহিত্য সংস্থা, বিকাশ বাংলাদেশ, টিএমএসএস, সিআরডি, সূচনা সমাজ উন্নয়ন সংস্থা, বিকশিত বাংলাদেশ ফাউন্ডেশন এর কৃষি কার্যক্রম অব্যাহত রয়েছে। কৃষি পণ্যের রপ্তানির সুযোগ, খামারিদেরকে ঋণ প্রদানে সহযোগিতা এবং নতুন উদ্যোক্তা সৃষ্টিতে উদ্যোগ গ্রহণের জন্য সভায় আলোচনা হয়। | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড় এর সাথে যোগাযোগপূর্বক কৃষিকাজে বিশেষ সাফল্য অর্জনের লক্ষ্যে আধুনিক কৃষি পদ্ধতি বাস্তবায়নে কৃষকদের সচেতন করতে হবে এবং তাদের অধিকার রক্ষায় বিশেষ গুরুত্ব দিতে হবে। | নির্বাহী পরিচালক/ প্রতিনিধি, আরডিআরএস/ ব্র্যাক বিকাশ বাংলাদেশ/ ইএসডিও / দৃষ্টিদান/ টিএমএসএস/সূচনা সমাজ উন্নয়ন সংস্থা/ বিকশিত বাংলাদেশ ফাউন্ডেশন/মানবিক সাহায্য সংস্থা পঞ্চগড় |
| ২.৮ | <u>বিবিধ আলোচনা:</u><br>১. সভাপতি জানান, এখন থেকে এনজিও সমূহের প্রজেক্ট সম্পন্নের প্রত্যয়ন প্রাপ্তির ক্ষেত্রে অনলাইনের www.mygov.bd প্লাটফর্মের মাধ্যমে আবেদন করতে হবে। | ১. এনজিও সমূহের প্রজেক্ট সম্পন্নের প্রত্যয়ন প্রাপ্তির ক্ষেত্রে অনলাইনের www.mygov.bd প্লাটফর্মের মাধ্যমে আবেদন দাখিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. সহকারী কমিশনার, সাধারণ শাখা, নির্বাহী পরিচালক/ প্রতিনিধি সংশ্লিষ্ট এনজিও, পঞ্চগড় |
| | ২. যে সকল এনজিও এ জেলায় কার্যক্রম পরিচালনা করে সে সকল এনজিওকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা সম্পর্কে অবহিত করতে হবে। | ২. যে সকল এনজিও'র কার্যক্রম এ জেলায় সম্পন্ন হয়েছে সে সকল এনজিওকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভায় উপস্থিত থাকতে হবে। | ২. নির্বাহী পরিচালক/ প্রতিনিধি সংশ্লিষ্ট এনজিও, নির্বাহী পরিচালক/ প্রতিনিধি (সকল এনজিও), পঞ্চগড় |
| | ৩. সকল এনজিও সভার কার্যপত্র আবশ্যিকভাবে প্রত্যেক মাসের ০৫ তারিখের মধ্যে সভার কার্যপত্র এ কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এনজিও বিষয়ক সমন্বয় সভা প্রত্যেক মাসের ৩য় রবিবার অনুষ্ঠিত হবে । | ৩. এনজিওসমূহ তাদের প্রত্যেক মাসের পাঁচ তারিখের মধ্যে কার্যপত্র এ কার্যালয়ে প্রেরণ করবে। | ৩. নির্বাহী পরিচালক/ প্রতিনিধি, সংশ্লিষ্ট সকল এনজিও, পঞ্চগড় |
| | ৪. আহছানিয়া মিশন ও এতিমখানায় থাকা ও খাওয়ার সুব্যবস্থা থাকায় পথশিশু ও এতিম শিশুদের বাংলাদেশের যে কোন জেলায় পাওয়া গেলে ভর্তির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৪. এনজিওসমূহ পথশিশু ও এতিম শিশুদের আহছানিয়া মিশন ও এতিমখানায় ভর্তির সহযোগিতা প্রদান করবেন। | ৪. নির্বাহী পরিচালক/ প্রতিনিধি, সংশ্লিষ্ট সকল এনজিও, পঞ্চগড় |
| | ৫. সভাপতি সভায় জানান যে, পঞ্চগড় জেলায় পথশিশু, বৃদ্ধ ও স্বামী পরিত্যাক্ত মহিলাদের খুঁজে বের করে জরিপ কার্যপরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ৫. পঞ্চগড় জেলায় পথশিশু, বৃদ্ধ ও স্বামী পরিত্যাক্ত মহিলাদের খুঁজে বের করে জরিপ কার্যপরিচালনার জন্য সূচনা সমাজ উন্নয়ন সংস্থা ও দেশ উন্নয়ন সংস্থাকে দায়িত্ব প্রদান করা হয়। | ৫. নির্বাহী প্রধান, সূচনা সমাজ উন্নয়ন সংস্থা ও নির্বাহী পরিচালক, দেশ উন্নয়ন সংস্থা, পঞ্চগড় |
| | ৬. প্রত্যেক মাসে একটি এনজিও তার কার্যক্রম সংক্রান্ত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করবেন। | ৬. আগস্ট, ২০২৬ মাসে উদ্দীপন ও এসকেএস তাদের কার্যক্রম সম্পর্কে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করবেন। | ৬. পরিচালক, উদ্দীপন ও এসকেএস, পঞ্চগড় |

৩। সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৪-০৮-২০২৬
মোসা: শুকরিয়া পারভীন
জেলা প্রশাসক

তারিখ: ২০ শ্রাবণ ১৪৩৩
০৪ আগস্ট ২০২৬

**নম্বর:** ০৫.৪৭.৭৭০০.০০০.০০৯.৪১.০০০৩.২৫.৫৮৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক(সচিব), মহাপরিচালক মহোদয়ের শাখা, এনজিও বিষয়ক ব্যুরো।
২। কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর।
৩। স্টেনো গ্রাফার, পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, পঞ্চগড়।
৪। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, জেলা সিভিল সার্জনের কার্যালয়, পঞ্চগড়।
৫। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড়।
৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
৭। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দেবীগঞ্জ, পঞ্চগড়।
৮। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আটোয়ারী, পঞ্চগড়।
৯। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোদা, পঞ্চগড়।
১০। উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তেতুলিয়া, পঞ্চগড়।
১১। সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সাধারণ) (চলতি দায়িত্ব), জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পঞ্চগড়।
১২। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পঞ্চগড়।
১৩। নির্বাহী পরিচালক/জেলা প্রতিনিধি/আঞ্চলিক ম্যানেজার/প্রকল্প সমন্বয়কারী/ম্যানেজার ........................................................................................................................................................., এনজিও, পঞ্চগড়।

০৪-০৮-২০২৬
এস.এম. ইমাম রাজী টুলু
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)